

ক্রয় পদ্ধতি ও ধরণ : ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল, ২০১২ এ বর্ণিত ক্রয়ের চারটি পদ্ধতিই অত্র ১৪নং বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদের ক্রয়ের পদ্ধতি হয়।

পদ্ধতিসমূহ নিম্নরূপ : ১) সরাসরি ক্রয়।, ২) কমিউনিটি ক্রয়।, ৩) আরএফকিউ ও ৪) উন্মুক্ত দরপত্র পদ্ধতি।

১) সরাসরি ক্রয় : ইউপি'র রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় যদি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বেশি না হয় তবে সে ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

২) কমিউনিটি ক্রয় : শ্রমঘন কাজের ক্ষেত্রে যদি ইউপি'র রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বেশি না হয় তবে সে ক্ষেত্রে কমিউনিটি ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

৩) আরএফকিউ : ইউপি'র রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় (শ্রমঘন কাজ ব্যতীত) যদি ২৫,০০১/- (পঁচিশ হাজার এক) টাকার বেশি কিন্তু ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বেশি না হয় তবে সে ক্ষেত্রে আরএফকিউ ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

৪) উন্মুক্ত দরপত্র পদ্ধতি : ইউপি'র রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় যদি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বেশি হয় তবে সে ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

ক্রয় কমিটিসমূহ : ১) রাজস্ব/নিজস্ব ব্যয়ের ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে যে কোন আনুসঙ্গিক প্রযোজ্য ক্রয়ের ক্ষেত্রে নিম্নের কমিটি ক্রয় কমিটি হিসাবে বিবেচিত হবে:

ক্রমিক নং	নাম	পরিচিতি	পদবী
১	মোঃ মিজানুর রহমান	ইউপি সদস্য	আহবায়ক
২	মোছাঃ রুপালী খাতুন	ইউপি সদস্য	সদস্য
৩	মোঃ জিয়াবুল হক	ইউপি সদস্য	সদস্য
৪	মোঃ আব্দুল হাই	ইউপি সদস্য	সদস্য
৫	জুপতি জুহা রায়	ইউপি সচিব	সদস্য-সচিব

২) ইউপি'র রাজস্ব দ্বারা অথবা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতি বা কমিউনিটি ক্রয় পদ্ধতি বা আরএফকিউ পদ্ধতির মাধ্যমে যে কোন ক্রয় (প্রকল্প বা ক্ষিমে'র ক্ষেত্রে) সম্পন্ন করলে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিটিই ক্রয় কমিটি হিসাবে বিবেচিত হবে। এই ওয়ার্ড কমিটিই স্পট কোটেশন/কোটেশন সংগ্রহ/আহবান করবেন এবং তারাই কোটেশন মূল্যায়নের মাধ্যমে কার্যাদেশ প্রদান করবেন। তবে সকল ক্ষেত্রেই সংশ্লিষ্ট ওয়ার্ডের তত্তাবধায়ন কমিটি কাজের গুণগতমান পর্যবেক্ষণ করতঃ বিল প্রদানের ক্ষেত্রে প্রত্যয়ন প্রদান করবেন।

৩) ইউনিয়ন পরিষদ তার রাজস্ব দ্বারা বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় যদি উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি অনুসারে ক্রয় সম্পন্ন করে সে ক্ষেত্রে পৃথক একটি কমিটি দরপত্র মূল্যায়ন কমিটি হিসাবে বিবেচিত হবে।

৩নং বিষয় পঠিত হলে সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে বলেন, উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি অনুসারে ক্রয়ের ক্ষেত্রে একটি দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করতে হবে। অতঃপর বিদ্যমান আলোচনাতে বিধি মোতাবেক দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হয়। নিম্নে উক্ত কমিটি উল্লেখ করা হলো:

দরপত্র মূল্যায়ন কমিটি

ক্রমিক নং	নাম	পরিচিতি	পদবী
১	মোঃ হেলাল শাহ	প্রধান শিক্ষক, লালবাড়ী উচ্চ বিদ্যালয়	আহবায়ক
২	এ কে এম শফিকুর রহমান	উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, বদরগঞ্জ, রংপুর।	সদস্য
৩	মোঃ মাহমুদুল হাসান	উপ-সহকারী কৃষি কর্মকর্তা	সদস্য
৪	জুপতি জুহা রায়	ইউপি সচিব	সদস্য-সচিব